

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

সংবাদ বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের সময় আয়কর সনদপত্র দাখিল
অনাবশ্যিক ।**

ঢাকা, ২৯মে ২০০২

সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড বিদেশী নাগরিকদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে Income Tax Clearance Certificate/Income Tax Exemption Certificate দাখিলের বিধান চালু করেছে। এ মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে যে, বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে এরূপ আয়কর সনদপত্র দাখিলের প্রয়োজন আছে বলে কোন কোন মহলে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশী পাসপোর্টধারী বাংলাদেশীদের বাংলাদেশ ত্যাগের প্রাক্কালে Income Tax Clearance Certificate/Income Tax Exemption Certificate দাখিলের কোনই প্রয়োজন নেই। জাতীয় রাজস্ব বোর্ড আশা প্রকাশ করে যে, এই ব্যাখ্যা এ বিষয়ে সকল বিভ্রান্তি দূর করবে।

(মোঃ হাফিজ আল আসাদ)
জনসংযোগ কর্মকর্তা
ফোনঃ ৯৩৪৬৮২৪